



নির্ধারিত প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
ডকুমেন্ট নং-	তারিখঃ	২৩/৬/২৬	
৬০০২	প্রাপ্তকারীঃ	১	
অঃ সঃ	সঃ প্রঃ	উঃ বিঃ প্রঃ	নিঃ প্রঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।  
গণপূর্ত প্রকিউরমেন্ট ইউনিট,  
www.pwd.gov.bd

তারিখ: ৯ আষাঢ় ১৪৩৩  
২৩ জুন ২০২৬

নম্বর: ২৫.৩৬.০০০০.০০০.২৪৩.৩৫.০০০১.২৬.২৪

### ভৌতসেবা চুক্তির পরিসর বৃদ্ধি অনুমোদনের ক্ষমতা অর্পণ সংক্রান্ত অফিস আদেশ

আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ অনুসরণ করে গণপূর্ত অধিদপ্তরে পরিচ্ছন্নতাকর্মী, মেশিন অপারেটর, গাড়ী চালকসহ বিভিন্ন পদের ভৌতসেবা ক্রয় করার জন্য সেবাকর্মী নিয়োগ করা হয়। পিপিআর ২০২৫ এর বিধি ৯৯(৫) অনুযায়ী ভৌতসেবা প্রদানকারীর সাথে সম্পাদিত চুক্তির ধারাবাহিকতা রক্ষার লক্ষ্যে তা সরাসরি চুক্তির মাধ্যমে বৎসরভিত্তিক বা তদপেক্ষা স্থলপতর সময়ের জন্য বৃদ্ধি করা যাবে। একই সঙ্গে পিপিআর ২০২৫ এর বিধি ৯৭(৩) অনুযায়ী সরাসরি ক্রয় পদ্ধতি তথা সরাসরি চুক্তির প্রয়োগের সিদ্ধান্ত প্রকৌশলীর কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক অনুমোদিত হতে হবে।

এ প্রেক্ষিতে, ভৌতসেবা প্রদানকারীর সাথে সম্পাদিত চুক্তির ধারাবাহিকতা রক্ষার ক্ষেত্রে বৎসরভিত্তিক বা তদপেক্ষা স্থলপতর সময়ের জন্য সেবা সম্পাদনের পরিসর বৃদ্ধি অনুমোদনের ক্ষমতা পিপিআর ২০২৫ এর বিধি ৯৭(৩) অনুযায়ী সংশ্লিষ্ট জোন এর অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ এর নিকট নিম্নোক্ত শর্তসাপেক্ষে অর্পণ করা হলো:

- ১) সেবাপ্রদানকারীর সাথে প্রতিযোগিতার ভিত্তিতে প্রথমবার চুক্তি সম্পাদন করতে হবে এবং প্রদত্ত সেবা ইতোপূর্বে সম্পাদিত চুক্তি অনুসরণে সন্তোষজনকভাবে সম্পাদিত হতে হবে।
- ২) সেবা গ্রহণের সময়কাল অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত মেয়াদ অতিক্রম করতে পারবে না।
- ৩) সর্বশেষ আর্থিক ক্ষমতা অনুসরণ করে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক চুক্তি অনুমোদনপূর্বক বিধি ৯৮(৬) অনুযায়ী সেবাগ্রহণকারী ও সেবাসম্পাদনকারীর মধ্যে চুক্তি স্বাক্ষর করতে হবে।
- ৪) সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী ভৌতসেবা চুক্তির পরিসর বৃদ্ধি অনুমোদনপূর্বক প্রধান প্রকৌশলীর দপ্তরে [দু:আ: তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) - ১ প্রস্থ] অবগতির জন্য প্রেরণ করবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৩-০৬-২০২৬  
মোঃ খালেকুজ্জামান চৌধুরী  
প্রধান প্রকৌশলী  
ফোন : ০২-৯৫৬২৭৯৫  
ইমেইল : ce@pwd.gov.bd

নম্বর: ২৫.৩৬.০০০০.০০০.২৪৩.৩৫.০০০১.২৬.২৪/১ (৬)

তারিখ: ৯ আষাঢ় ১৪৩৩  
২৩ জুন ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), গণপূর্ত অধিদপ্তর।

৩। প্রকল্প পরিচালক (সকল), গণপূর্ত অধিদপ্তর।

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), গণপূর্ত অধিদপ্তর।

৫। নির্বাহী প্রকৌশলী (সকল), গণপূর্ত অধিদপ্তর।

৬। নির্বাহী প্রকৌশলী, ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা (অফিস আদেশটি গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



*A. M. M. M.*

২৩-০৬-২০২৬

আশেক আহমেদ শিবলী  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট)